



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল  
আইসিটি শাখা  
www.barisaldiv.gov.bd



নম্বর : ০৫.১০.০০০০.০১১.০১.০০৫.২২-৪২

তারিখ : -----  
২২ চৈত্র ১৪২৮  
০৫ এপ্রিল ২০২২

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয় : বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ৪.৩  
স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার আলোকে তথ্য প্রচার

স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার আলোকে তথ্য প্রচার:

তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০-এর আলোকে প্রণীত

০১. তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সংগতি রেখে স্ব-প্রণোদিত হয়ে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা প্রণয়নপূর্বক তথ্য প্রকাশ ও প্রচার করা হচ্ছে।
০২. তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৭ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয়, সে ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।
০৩. তথ্য অধিকার আইন, ২০০৯-এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।
০৪. ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলী ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করা হচ্ছে।
০৫. নাগরিকগণের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবা প্রাপ্তির পদ্ধতিসমূহ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হচ্ছে।
০৬. স্ব-প্রণোদিতভাবে প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।
০৭. তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
০৮. ৩৩৩ কল সেন্টারের মাধ্যমে বিভিন্ন সেবা নিশ্চিত করার জন্য এ দপ্তরের ওয়েব পোর্টালে কল সেন্টার ৩৩৩ সংযুক্ত করা হয়েছে।
০৯. প্রতি ০২ (দুই) মাসে একবার তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপার ভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং সভার কার্যবিবরণী ও প্রতিবেদন ওয়েব পোর্টালে আপলোড করা হয়।

০৫-০৪-২০২২

মোঃ মাহাবুব উল্লাহ মজুমদার  
সহকারী কমিশনার

সহকারী কমিশনার  
সংস্থাপন-২ শাখা  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল